

Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪১৬.১৫- ২৮২


তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০।
২২ জুন ২০২৩।

বিষয়: নওগাঁ জেলার পল্লীতলা উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের অনুমতি প্রদানের লক্ষ্যে তথ্য প্রেরণ।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পল্লীতলা, নওগাঁ-এর স্মারক নং-৭৪৪; তারিখ: ০৬ জুন ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নওগাঁ জেলার পল্লীতলা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে অর্থ জমা থাকা সাপেক্ষে বর্ণিত উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের বিষয়টি বিবেচনার লক্ষ্যে পৃথক পৃথক প্রাক্কলন প্রস্তুতপূর্বক নিয়োক্ত তথ্যাদিসহ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত ডিজাইন ও বর্তমান রেট সিডিউল অনুযায়ী প্রাক্কলন প্রস্তুতকরণ;
- (খ) বর্তমান সীমানা প্রাচীরের রঙিন ছবি;
- (গ) নির্বাহী প্রকৌশলীর কারিগরি প্রতিবেদন;
- (ঘ) উপজেলা পরিষদের মাসিক সভায় সিদ্ধান্ত (মূল্য উল্লেখসহ);
- (ঙ) ব্যাংক বিবরণী; এবং
- (চ) কত মিটার ও কোন দিকে (সামনে/পিছনে) সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে।



(ড. মাসুরা বেগম)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৮২২৪৭

E-mail: lgdupazila1@lgd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
পল্লীতলা, নওগাঁ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, নওগাঁ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পল্লীতলা, নওগাঁ।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পল্লীতলা, নওগাঁ।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।